গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তিতাস, কুমিল্লা
www.comilla.titas.gov.bd

# উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সেপ্টেম্বর, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এ.টি.এম. মোর্শেদ<br>উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা। |
| সভার তারিখ | : | ১৮ সেপ্টেম্বর, ২০২৩ |
| সময় | : | সকাল: ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ হলরুম, তিতাস, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-"ক" |

সভাপতি সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং এ বিষয়ে আলোচনার পর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং গত সভার সিদ্ধান্তের অগ্রগতি তুলে ধরার জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে অফিসার ইন-চার্জ, তিতাস থানা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তিতাস থানার সার্বিক বিষয় তুলে ধরেন এবং তিতাস উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। কোথাও আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিঘ্ন ঘটেনি। আগস্ট, ২০২৩ মাসের উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে নিম্নবর্ণিতভাবে তথ্য উপস্থাপন করেন।

**অপরাধ চিত্র: আগস্ট, ২০২৩**

| ডাকাতি | দস্যুতা | খুন | দাঙ্গা | অপহরণ | অস্ত্র | সিধেল চুরি | চুরি | নারী নির্যাতন | অন্যান্য | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| -- | -- | -- | -- | -- | -- | -- | ০১ | -- | ১১ | ১২ | -- |

**গ্রেফতারী পরোয়ানা তামিলের চিত্র: আগস্ট, ২০২৩**

| পূর্ববর্তী মাস থেকে আগত | | বর্তমান মাসে কোর্ট হতে প্রাপ্ত | মোট | তামিল | রিকল | অন্যান্যভাবে খারিজ | মোট খারিজ | মূলতবী (মাস শেষে) |
|---|---|---|---|---|---|---|---|---|
| জিআর | ২০২ | ১৮ | ২২০ | ০৭ | ০১ | ০৪ | ১২ | ২০৮ |
| সিআর | ৫১ | ২১ | ৭২ | ০৩ | ০৪ | -- | ০৭ | ৬৫ |
| সাজা | ৬১ | ০৫ | ৬৬ | ০১ | -- | -- | ০১ | ৬৫ |

**মামলা তদন্তের ফলাফল চিত্র: আগস্ট, ২০২৩**

| পূর্ববর্তী মাসের জের | বর্তমান মাসে রুজু | মোট | সিএস | চূড়ান্ত রিপোর্ট | মোট | মূলতবী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১৬ | ১২ | ২৮ | -- | -- | -- | ২৮ | -- |

**ভ্রাম্যমাণ আদালতের অপরাধচিত্র: আগস্ট, ২০২৩**

| ক্র: নম্বর | যে আইনে মোবাইলকোর্ট পরিচালনা করা হয় | মোবাইল কোর্টের সংখ্যা | মামলার সংখ্যা | সাজাপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা | দন্ড | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অর্থদন্ড | কারাদন্ড | |
| ০১. | মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভূক্ত বিভিন্ন আইনে | ৮ | ০৯ | -- | ৫৯,৫০০/- | -- | -- |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা ভাইস-চেয়ারম্যান, তিতাস উপজেলা:** জনাব মো: ফরহাদ আহমেদ ফকির সভায় জানান যে, তিতাস উপজেলায় ৯টি ইউনিয়ন রয়েছে। উক্ত ইউনিয়নগুলোতে খুন হয়েছে অনেকটি। সাবেক অফিসার ইন-চার্জ সাহসিকতার সাথে উক্ত খুনের তদন্তক্রমে প্রকৃত অপরাধীদের গ্রেফতারের করেন। এ বিষয়ে বর্তমান অফিসার ইন-চার্জ, তিতাসকে সভায় অবহিত করেন। | তিতাস উপজেলায় যেন এ ধরণের আর কোন ঘটনা না ঘটে সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা |
| ০২. | **মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা:** জনাব ফরিদা ইয়াসমিন, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা সভায় জানান যে, ১১ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে মজিদপুর ইউনিয়ন বনাম মাছিমপুর ইউনিয়ন ফুটবল খেলা হয়। উক্ত খেলায় দুই দলের মধ্যে ঝগড়া হয়। এ বিষয়টি সমাধানের জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ জানান। | মজিদপুর ইউনিয়ন বনাম মাছিমপুর ইউনিয়নের ফুটবল খেলাকে কেন্দ্র করে আর যেন কোন বড় ধরণের দুর্ঘটনা না ঘটে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান ও অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান<br>২। অফিসার ইন-চার্জ, তিতাস থানা |
| ০৩. | **সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি:** জনাব মোহাম্মদ মহসিন ভূইয়া, সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, তিতাস, কুমিল্লা সভায় জানান যে, সাবেক অফিসার ইন-চার্জ, তিতাস থানায় ২৯ মাস কর্মরত ছিলেন। তার অবদান বলে শেষ করা যাবে না। তিনি লাশ বহনের জন্য থানায় একটি গাড়ি সরবরাহ করেছেন যা খুবই প্রশংসনীয়। যেখানেই থাকবেন ভাল থাকবেন। বর্তমান অফিসার ইন-চার্জ এর কাছে আমরা আরো ভাল কিছু আশা করছি। গৌরিপুর টু হোমনা সড়কের কাজ শেষ হয়েছে। উক্ত রাস্তায় একতা পরিবহনসহ অন্যান্য গাড়ি বেপোরোয়া চলাচলের কারণে বিভিন্ন দুর্ঘটনা ঘটছে এবং অনেক মানুষ মারা যাচ্ছে। অল্প বয়সী ছেলেরা নতুন নতুন বাইক নিয়ে রাস্তায় বাহির হয়। যার কোন কাগজপত্র নেই। অভিভাবক বাইক না কিনে দিলে ছেলেরা পিতার মাতার কাছে বিভিন্ন ধরণের বায়না উপস্থাপন করে যার কারণে পিতা মাতা বাইক কিনে দিতে বাধ্য হয়। এ বিষয়ে প্রতিটি বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ করে পিতা-মাতাদের সতর্ক করতে পারলে নতুন বাইক কেনা থেকে রেহাই পাওয়াসহ দুর্ঘটনা থেকে পরিত্রাণ পাওয়া যাবে মর্মে আশা করি। | গৌরিপুর টু হোমনা রোডে যানবাহন চলাচল নিয়ন্ত্রণে রাখাসহ তিতাস উপজেলায় জনগণের আস্থা অর্জনক্রমে কাজ করার জন্য অফিসার ইন-চারজ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, তিতাস |
| ০৪. | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস:** উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মো: সরফরাজ হোসেন খান সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কেন্দ্র হতে বিভিন্ন রোগীদের বিনামূল্য ঔষুধ সরবরাহ করা হয়। ঔষধের কোন ঘাটতি নেই। বিদায়ী অফিসার ইন-চার্জ খুব ভাল ছিল। যে কোন সময় ফোন করলে সেবা পেতাম। বর্তমান অফিসার ইন-চার্জ এর নিকট আমরা আরো ভাল সেবা কামনা করছি। | উপজেলা স্বাস্থ্য কেন্দ্র হতে বিভিন্ন রোগীদের বিনামূল্য ঔষুধ বিতরণের বিষয়টি সবাইকে অবহিত করার জন্য উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৫. | **অফিসার ইন-চার্জ, তিতাস থানা:** জনাব কাঞ্চন কান্তি দাস, অফিসার ইন-চার্জ, তিতাস থানা সভায় জানান যে, আমি গত ১৪/০৯/২০২৩ তারিখে তিতাস থানায় যোগদান করি। দেশের বিভিন্ন জেলায় চাকুরি করেছি। কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলায় প্রথম চাকুরি শুরু করি। তিতাস উপজেলার সার্বিক পরিস্থিতি সাবেক অফিসার ইন-চার্জ মহোদয় আমাকে অবহিত করেছেন। সভায় অনেকে অনেক কথা বলেছেন। সবার কথা আমি মনোযোগ দিয়ে শুনেছি। তিতাস উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করছি। অফিসের দাপ্তরিক কাজ নিয়ম মাফিক চলমান আছে। | জনাব কাঞ্চন কান্তি দাস, অফিসার ইন-চার্জ, তিতাস থানায় যোগদান করায় আমরা উপজেলা পরিষদের পক্ষ হতে স্বাগত জানাই। তিতাস উপজেলাকে সন্ত্রাসমুক্ত রাখতে জোরদার ভূমিকা পালনসহ আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইন-চার্জ, তিতাস থানা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৬. | **উপজেলা সমাজসেবা অফিস:** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভিন্ন ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন চলছে। সাবেক অফিসার ইন-চার্জ ভাতাভোগীদের সমস্যার বিষয়ে সার্বিক সহযোগীতা করেছেন। বর্তমান অফিসার ইন-চার্জ হতে এসব সেবা কামনা করছি। | বিভিন্ন ভাতাভোগীদের সমস্যার জন্য থানায় গেলে তা জরুরিভিত্তিতে সমাধানের জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৭. | **চেয়ারম্যান, জগতপুর ইউনিয়ন:** জগতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, সাবেক অফিসার ইন-চার্জ মহোদয় নিরপেক্ষতার সাথে সকল কাজ সমাপ্ত করেছেন। আমরা আশাকরি নবযোগদানকৃত অফিসার ইন-চার্জ মহোদয় সকল কাজ নিরপেক্ষভাবে সমাধান করবেন। রায়পুর ও কালাইরকান্দি দুটি গ্রামের মানুষ একটি মসজিদ নিয়ে বিবাদে লিপ্ত আছে। উভয় পক্ষের বিবাদ নিরসনে প্রশাসন ও পুলিশের সার্বিক সহযোগিতা কামনা করছি। উক্ত বিষয়টি অফিসার ইন-চার্জ, তিতাস থানা অবগত আছেন। | রায়পুর ও কালাইরকান্দির মসজিদ নিয়ে যে বিবাদ চলমান আছে তা প্রশাসন অবগত আছে। জানা যায় উক্ত মসজিদ নিয়ে একটি বিজ্ঞ আদালতের একটি রায় আছে। বিজ্ঞ আদালতের রায় মোতাবেক বিবাদ নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০৮. | **চেয়ারম্যান, বলরামপুর ইউনিয়ন:** বলরামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, সাবেক অফিসার ইন-চার্জ গত বছরগুলোতে সাহসিকতার সাথে কাজ করছে এবং আমরা নিরাপদে ছিলাম। নবাগত অফিসার ইন-চার্জ মহোদয়ের কাছে আমরা তা আশা করি। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৯. | **চেয়ারম্যান, কড়িকান্দি ইউনিয়ন:** কড়িকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, আমার ইউনিয়নের কলাকান্দি গ্রামের ৭ বছরের শিশু আরিয়ানকে হত্যা করা হয়। শিশুটি আমাদের বংশের। উক্ত হত্যাকান্ডের সঠিক তদন্তক্রমে প্রকৃত হত্যাকারীদের গ্রেফতারের জোর দাবি জানাচ্ছি। | কলাকান্দি গ্রামের ৭ বছরের শিশু আরিয়ান হত্যার সঠিক তদন্ত ও প্রকৃত আসামীদের গ্রেফতারের আওতায় আনার জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ১০. | **চেয়ারম্যান, ভিটিকান্দি ইউনিয়ন:** ভিটিকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, আমাকে মিথ্যা তথ্য দিয়ে খুনের আসামী করা হয়েছে। আমি এখন জামিনে আছি। আমি অফিসে না থাকলে জনগণ নাগরিক সেবা হতে বঞ্চিত হয়। বাদীপক্ষ অযথায় আমাকে হয়রানী করে। নিরাপত্তার সহিত যাতে অফিসের দাপ্তরিক কাজ পরিচালনা করতে পারি সে জন্য উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সকলের সহযোগিতা কামনা করছি। | জনগণ যাতে নাগরিক সেবাগুলো যথাযথভাবে পায় সে বিষয়ে নজর রাখার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো এবং আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে আলোচনা করে ইউনিয়ন পরিষদে স্বশরীরে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হলো। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ১১. | **চেয়ারম্যান, নারান্দিয়া ইউনিয়ন:** নারান্দিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, সাবেক অফিসার ইন-চার্জ বিচক্ষণতার সহিত কাজ করছে। নবযোগদানকৃত অফিসার ইন-চার্জ মহোদয়ের কাছে আমরা তা আশা করি। | জনগণের আইন-শৃঙ্খলা রক্ষার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১২. | **চেয়ারম্যান, জিয়ারকান্দি ইউনিয়ন:** জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, সাবেক অফিসার ইন-চার্জ মহোদয় ৩টি মামলার বিষয়ে দক্ষতার সহিত কাজ করে প্রকৃত অপরাধীদের গ্রেফতার করা হয়। ১টি মামলা বিচারাধীন আছে। | আইন-শৃঙ্খলাসহ মাদক নিরোধে যে কোন তথ্য উপজেলা প্রশাসনসহ অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ১৩. | **চেয়ারম্যান, মজিদপুর ইউনিয়ন:** মজিদপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, পূর্বে তিতাস উপজেলা সন্ত্রাসের ত্রাস ছিল। সাবেক অফিসার ইন-চার্জ এ বিষয়ে যথোপযুক্ত পদক্ষেপ নিয়েছিলেন। জামাল হত্যাকাণ্ডে কালের কণ্ঠ পত্রিকায় একটি লিস্ট প্রকাশিত হয়। তিতাসে যেন আর খুন না হয় এবং অবৈধ অস্ত্র উদ্ধারের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করেন। | তিতাস উপজেলার আইন-শৃঙ্খলা রক্ষাসহ অবৈধ অস্ত্র উদ্ধারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ১৪. | **অধ্যক্ষ, গাজীপুর খান সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, তিতাস:** জনাব আবদুল বাতেন, অধ্যক্ষ, গাজীপুর খান সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, তিতাস, কুমিল্লা সভায় জানান যে, বিভিন্ন খেলা-ধূলায় হানা-হানি ও মারামারি হয়ে থাকে। স্থানীয় ইউপি চেয়ারম্যান উক্ত খেলায় উপস্থিত থাকলে এবং আইন-শৃঙ্খলা বাহিনী যথাযথ ব্যবস্থা গ্রহণ করলে তা থেকে পরিত্রাণ পাওয়া সম্ভব। পরবর্তীতে যখন খেলা-ধূলা হবে এ বিষয়ে নজরদারি বাড়ানোর জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ জানান। | তিতাস উপজেলায় বড় ধরণের কোন খেলা-ধূলা হলে স্থানীয় প্রশাসনসহ উপজেলা প্রশাসনকে অবহিত করার জন্য অধ্যক্ষ, গাজীপুর খান সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, তিতাস, কুমিল্লাকে অনুরোধ করা হলো। | ১। অধ্যক্ষ, গাজীপুর খান সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, তিতাস, কুমিল্লা<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান |
| ১৫. | **সভাপতি, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি:** জনাব আবদুল রব, সভাপতি, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, তিতাস, কুমিল্লা সভায় জানান যে, তিতাস উপজেলায় অবৈধ অস্ত্র উদ্ধারসহ রাতে পুলিশের টহল বৃদ্ধি করার জন্য সভায় অনুরোধ জানান। | তিতাস উপজেলায় অবৈধ অস্ত্র উদ্ধারসহ রাতে পুলিশের টহল বৃদ্ধি করার জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সভাপতি, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, তিতাস |
| ১৬. | **সভাপতি, তিতাস উপজেলা প্রেস ক্লাব:** জনাব নাজমুল করিম ফারুক সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিতরণ করা হয়েছে মর্মে এমন একটি সংবাদ সোশ্যাল মিডিয়া হতে জানা যায়। এ বিষয় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কোন পদক্ষেপ গ্রহণ করেছেন কিনা উক্ত সভায় জানতে চাই। অপরদিকে কড়িকান্দি বাজারে মোবাইলকোর্ট পরিচালনা করায় উপজেলার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদ্বয়কে স্বাগত জানাই। এভাবে অন্যান্য বাজারগুলোতে মোবাইলকোর্ট পরিচালনা অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় হতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিতরণ করা হয়েছে কিনা এ বিষয়ে তদন্তক্রমে পরবর্তী সভায় উপস্থাপন করার উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। সভাপতি, তিতাস উপজেলা প্রেস-ক্লাব |

০১. সভাপতি জানান যে, মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভুক্ত সকল আইনে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে।

০২. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, পুলিশ ও সংশ্লিষ্টদের সমন্বয়ে মাদকদ্রব্য ও চোরাচালান বিরোধী এবং টাস্কফোর্স অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।

০৩. অবৈধভাবে বালু উত্তোলন বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যান, অফিসার ইন-চার্জ, তিতাস থানা ও সহকারী কমিশনার (ভূমি) কে নির্দেশ প্রদান করা হলো।

০৪. বাল্য বিবাহ নিরসনে কাজ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বলা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.৯.২৩

এ.টি.এম. মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
তিতাস, কুমিল্লা।
ফোন: ০২৩৩৪৪১০০১০
ই-মেইল: unotitas1@gmail.com

স্মারক নম্বর: ০৫.২০.১৯৯৪.০০০.০৬.০০৮.২২-৯৮২ (৫০)

তারিখ: ১০ আশ্বিন, ১৪৩০
২৫ সেপ্টেম্বর, ২০২৩

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. জনাব সেলিমা আহমাদ, মাননীয় সংসদ সদস্য, ২৫০ কুমিল্লা-২
০২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাস্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫. জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা।
০৭. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা।
০৮. উপজেলা ---------------------------------- অফিসার, তিতাস, কুমিল্লা।
০৯. সহকারী প্রোগ্রামার, তিতাস, কুমিল্লা। [সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ]
১০. চেয়ারম্যান, -------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), তিতাস, কুমিল্লা।
১১. জনাব ----------------------------------------------------------------------

২৫.৯.২৩

এ.টি.এম. মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
তিতাস, কুমিল্লা।